জানুয়ারী-মার্চ ২০২২ সংখ্যা

এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর
একটি ত্রৈমাসিক প্রকাশনা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

জানুয়ারী-মার্চ ২০২২ সংখ্যা

উপদেষ্টামন্ডলী

প্রকৌঃ আবু আহমেদ আখতার হোসেন
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

মোঃ মাসুদুল ইসলাম
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

মোঃ মামুনুর রহমান মন্ডল
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

প্রকাশক

কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল

সম্পাদক

বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

সমন্বয়ক

প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

সহকারী সম্পাদক

আখতার মাহমুদ
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন: ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
ই-মেইল : info@nwpgcl.org.bd
ওয়েবসাইট: www.nwpgcl.gov.bd
ফেইসবুক পেইজ:
https://www.facebook.com/NWPGCL/

সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর তৃতীয় সংখ্যা, ২০২২ প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এই অভীষ্ট লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সম্প্রতি গত ২১ মার্চ ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোম্পানির আওতাধীন পায়রা ১৩২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন। এটি বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড় বিদ্যুৎ কেন্দ্র হিসেবে স্বীকৃত। একই সাথে এ দিন পায়রা বিদ্যুৎ কেন্দ্র হতে মাননীয় প্রধানমন্ত্রী শতভাগ বিদ্যুতের স্বপ্ন বাস্তবায়নের বিষয়ে ঘোষণা দেন। ফলে, এটি আমাদের জন্যে অন্যতম একটি গৌরবের ঘটনা।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির এসব গুরুত্বপূর্ণ অবদান ও সাফল্যচিত্র জনগণের সামনে তুলে ধরবে। মহান স্বাধীনতার এ মাসে এনডব্লিউপিজিসিএল বার্তার তৃতীয় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

সম্পাদক
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

স্বাগত বক্তব্য

প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল

মহান স্বাধীনতার এ মাসে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর শহীদ মুক্তিযোদ্ধাদের। যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। আমি অত্যন্ত আনন্দিত যে মহান স্বাধীনতার এ মাসে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর তৃতীয় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। মার্চ মাস অদম্য ও অকুতোভয় বাঙালির অন্যতম পরিচায়ক। এ মাসেই জাতির পিতা ঐতিহাসিক ৭ ই মার্চের ভাষণ প্রদান করেন যা বাঙালির মুক্তির তৃষ্ণাকে জাগিয়ে তোলে। এ মাসেই জন্মেছেন জাতির পিতা যার জন্মের কারণে জন্মেছে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। আবার এ মাসেই জাতির পিতা স্বাধীনতার ঘোষণা দেন। যে ঘোষণায় মুক্তিকামী বীর বাঙালি ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে ও বিজয় ছিনিয়ে আনে মাত্র নয় মাসেই। বর্তমান মাসটি এনডব্লিউপিজিসিএল এর জন্যেও অত্যন্ত গৌরবের মাস। কেননা এ মাসেই গত ২১ মার্চ ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোম্পানির আওতাধীন পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন । এবং উক্ত বিদ্যুৎ কেন্দ্রে দাঁড়িয়েই তিনি দেশের শতভাগ বিদ্যুৎ-এর ঘোষণা দেন। এটি নিঃসন্দেহে আমাদের জন্যে অত্যন্ত গৌরবের ও আনন্দের। আমাদের আনন্দের মাত্রা আরো বেড়েছে বাংলাদেশ সরকার বিদ্যুৎ বিভাগকে 'স্বাধীনতা পুরস্কার ২০২২' এর জন্য নির্বাচিত করায়। বিদ্যুৎ বিভাগের অংশ হিসেবে এ যুগান্তকারী অর্জন আমাদেরও।

'এনডব্লিপিজিসিএল বার্তা'-তে কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহনের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর এবং মিডিয়া কর্মীরা কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পরিশেষে, 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি।

সূচীপত্র

কোম্পানি পরিচিতি - ৫

এক নজরে কোম্পানির কার্যক্রম- ৬

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পায়রা বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন- ৮

মাননীয় বিদ্যুৎ সচিবের টুঙ্গিপাড়া ও মধুমতি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন - ১১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে আয়োজিত ইনোভেশন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ- ১৪

সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এর ইপিসি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান- ১৮

বিসিপিসিএল এর ৭ম বার্ষিক সাধারণ সভা উদযাপন- ১৯

নর্থনি লিঃ এর কর্পোরেট অফিসের শরীরচর্চা ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পা- -কেন্দ্র এর শুভ উদ্বোধন ২০

‘মুজিব শতবর্ষে সুবর্ণ’-এর মোড়ক উন্মোচন-২১

মসজিদের ওয়াশরুম ও ওজুখানা সংস্কারের জন্য চেক প্রদান -২২

সিএসআর তহবিলের সহায়তায় লুৎফর রহমান মতিন মহিলা ডিগ্রি কলেজ, টাঙাইল এর কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠা- ২৩

ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন- ২৪

বঙ্গাবন্ধুর জন্মদিন ২০২২ উদযাপন- ২৭

মহান স্বাধীনতা দিবস ২০২২ উদযাপন- ৩০

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম -৩১

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-২) এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম- ৩৪

খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি এর অপারেশন ও মেইন্টিন্যান্স- ৩৬

ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি এর অপারেশন ও মেইন্টিন্যান্স কাজের সচিত্র তথ্যাবলী- ৩৯

মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ পরিচালন ও মেইনটিন্যান্স কার্যক্রম- ৪৯

বিদ্যুৎ কেন্দ্রসমূহে অগ্নি-নির্বাপণ মহড়া – ৫১

রূপসা ৮০০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি- ৫৩

কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫৭৮ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৮৫৯ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

এক নজরে কোম্পানির কার্যক্রম

বিদ্যুৎ কেন্দ্রসমূহ

ক্র. নং	বিদ্যুৎ কেন্দ্রের নাম	জ্বালানি	নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ
১	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২১৪	**সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২ কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪**
২	খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২৩০	**সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩ কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬**
৩	ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১০	**সিম্পল সাইকেল: মে ২০১৭ কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭**
৪	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	**ফেব্রুয়ারী ২০১৮**
৫	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	**সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮ কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯**
৬	মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র	এইচএফও	১০৫	**এপ্রিল ২০১৯**
৭	সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১৪	**সিম্পল সাইকেলঃ অক্টোবর ২০১৮ কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯**
৮	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা)	আমদানিকৃত কয়লা	১২৪৪	**১ম ইউনিটঃ মে, ২০২০ ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০**
৯	সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র	---	৬	**২৯ মার্চ ২০২১**
		বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা	**৩০৬৩**	

বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ
১.	রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৮৮০	১ম ইউনিট: ফেব্রুয়ারী ২০২৩ ২য় ইউনিট: আগস্ট ২০২৩
২.	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা)	আমদানিকৃত কয়লা	১৩২০	৩য় ইউনিট: মে ২০২৪ ৪র্থ ইউনিট: জুন ২০২৪
৩.	পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা)	--	৬০	জুন, ২০২৩
৪.	সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা)	--	৬৮	জুন, ২০২৩
৫.	পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	--	৫০	ডিসেম্বর, ২০২৩
৬.	পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) (যৌথ মালিকানা)	এলএনজি	১২০০	১ম ইউনিটঃ ডিসেম্বর, ২০২৪
		মোট ক্ষমতা	**৩৫৭৮**	

ভবিষ্যৎ প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ
১.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়)	এলএনজি	১২০০	২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২৭
২.	পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়)	এলএনজি	১২০০	৩য় ইউনিটঃ ডিসেম্বর, ২০৩০
৩.	বিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি)	সোলার/উইন্ড	৪৫৯	পরিকল্পনাধীন
		মোট ক্ষমতা	২৮৫৯	

এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পায়রা বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করছেন

পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ কেন্দ্র হিসেবে দেশের বিদ্যুৎ চাহিদা মেটাতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে। ডিসেম্বর ২০২০-এ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) উৎপাদনে আসে। এর মোট উৎপাদন ক্ষমতা ১৩২০ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন এর যৌথ উদ্যোগে এ বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হয়েছে। গত ২১ মার্চ ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী পরিদর্শন করেন এবং এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশের সর্ব প্রথম আলট্রা সুপারক্রিটিকাল প্রযুক্তিতে তৈরি পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে দেশের বিদ্যুৎ খাতে সূচিত হল এক নতুন অধ্যায়ের। পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রী পায়রা বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিটি মানুষের ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার মাধ্যমে শতভাগ বিদ্যুতায়নের মাইল-ফলক অর্জনের ঘোষণা দেন।

মাননীয় প্রধানমন্ত্রীকে পায়রা বিদ্যুৎ কেন্দ্রে পৌছানোর পর ২০০ নৌকা থেকে পতাকা উড়িয়ে ও
জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে বরণ করা হয় যা তিনি জেটি থেকে অবলোকন করেন।

মাননীয় প্রধানমন্ত্রী পায়রা বিদ্যুৎ কেন্দ্র অবলোকন করছেন

মাননীয় প্রধানমন্ত্রী পায়রা বিদ্যুৎ কেন্দ্রের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ (CCR) পরিদর্শন করছেন

বিদ্যুৎ সচিবের জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ ও মধুমতি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

গত ১৪ ফেব্রুয়ারি ২০২২ ইং তারিখে বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব ও নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর চেয়ারম্যান জনাব মোঃ হাবিবুর রহমান, বিউবো এর চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মাহবুবুর রহমান এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ এম খোরশেদুল আলম গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফেরাত কামনা করেন এবং জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

এ সময় বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুঃ মোহসিন চৌধুরী (উন্নয়ন), পিজিসিবি এর ব্যবস্থাপনা পরিচালক জনাব গোলাম কিবরিয়া, ওজোপাডিকো এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম এবং বিআইএফপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ সাইদ একরাম উল্লা সহ প্রমুখ উপস্থিত ছিলেন। অতঃপর তাঁরা মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন।

জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগকে শুভেচ্ছা জানানো হচ্ছে

মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধুমতি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধুমতি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধুমতি বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী-উপলক্ষে আয়োজিত ইনোভেশন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম ইনোভেশন প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারী টীমের টীম লিডার প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয় ১০ মার্চ ২০২২ তারিখে কোম্পানির বোর্ড রুম, কর্পোরেট অফিস, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে আয়োজিত ইনোভেশন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন। পুরস্কার প্রাপ্ত আইডিয়া ও টীমমেম্বারদের তালিকা নিম্নরূপ-

১. ১ম পুরস্কার: Remote Monitoring and Performance Analyzer of Power Plants (ReMPA)

ReMPA বাস্তবায়নে কাজ করেছেন- জনাব মুহাম্মদ সাইফুদ্দীন আহসান (টীম লিডার) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), কর্পোরেট অফিস; জনাব তানভীর আহমেদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র; জনাব আহাম্মদ সিফাত, উপ-বিভাগীয় প্রকৌশলী (টেকসই জ্বালানি সেল), কর্পোরেট অফিস; জনাব এম. ইজাজ আহমাদ সাদি, উপ-বিভাগীয় প্রকৌশলী (পিএন্ডডি), কর্পোরেট অফিস; জনাব ওয়ালিউল বারী, উপ-ব্যবস্থাপক (আইসিটি), কর্পোরেট অফিস।

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম ইনোভেশন প্রতিযোগিতায় ২য় স্থান অধিকারী টীমের টীম লিডার প্রকৌঃ কে এম এম রেসালাত রাজীব এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

২. ২য় পুরস্কার: Water Treatment Plant Capacity Enhancement

Water Treatment Plant Capacity Enhancement আইডিয়া বাস্তবায়নে কাজ করেছেন- জনাব কে এম এম রেসালাত রাজীব (টীম লিডার), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি; জনাব আব্দুল্লাহ মুবিন চৌধুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (৩য় ইউনিট); জনাব এম. সাব্বির হোসেন, উপ-ব্যবস্থাপক (কেমিক্যাল) (পরিচালন বিভাগ), খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি; জনাব আমিনুল ইসলাম, জুনিঃ সহঃ ব্যবস্থাপক (কেমিক্যাল) (পরিচালন বিভাগ), খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি।

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম ইনোভেশন প্রতিযোগিতায় ৩য় স্থান অধিকারী টীমের টীম লিডার প্রকৌঃ আব্দুল্লাহ আল মামুন এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

৩. ৩য় পুরস্কারঃ গ্যাস বুস্টার কম্প্রেসর কুলিং টাওয়ারে'র ওয়াটার এর পরিবর্তে ফিল্টার ওয়াটার ব্যবহারের মাধ্যমে কুলিং টাওয়ারের টিউবে স্কেল জমা হওয়ার পরিমাণ হ্রাসকরণ

৩য় পুরস্কার প্রাপ্ত আইডিয়াটি বাস্তবায়নে কাজ করেছেন- জনাব আব্দুল্লাহ আল মামুন (টীম লিডার), উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ) সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (১ম ইউনিট); জনাব মোঃ আব্দুল্লাহ হেল কাফি, উপ-ব্যবস্থাপক (কেমিক্যাল), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (১ম ইউনিট)।

এছাড়া, কিছু ইনোভেশন আইডিয়াকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়। যথা-

৪. Digitalized Knowledge Sharing and Learning through Incidents (বিশেষ পুরস্কার)

আইডিয়াটি বাস্তবায়নে কাজ করেছেন- জনাব মোঃ মাহমুদুল হাসান (টীম লিডার), নির্বাহী প্রকৌশলী (পরিচালন), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি; জনাব সন্দীপ কর্মকার, উপ-বিভাগীয় প্রকৌশলী (পরিচালন), খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি; জনাব রিয়াদ মেহেদী, সহকারী প্রকৌশলী (পরিচালন), খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি।

৫. RMS (Regulating and Metering Station) Inlet Pressure কন্ট্রোল রুমের DCS (Distributed Control System) থেকে পর্যবেক্ষণ করার ব্যবস্থাকরণ (বিশেষ পুরস্কার)

আইডিয়াটি বাস্তবায়নে কাজ করেছেন- জনাব মীর মাসুদ রানা (টীম লিডার), নির্বাহী প্রকৌশলী (পরিচালন), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (৩য় ইউনিট); জনাব শিশির বর্ধন, সহকারী প্রকৌশলী (আইএন্ডসি), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (৩য় ইউনিট); জনাব মোঃ মামুন উর রশিদ, উপ-সহকারী প্রকৌশলী (পরিচালন), সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (৩য় ইউনিট)।

৬. Fault Notification and Permit to Work (বিশেষ পুরস্কার)

আইডিয়াটি বাস্তবায়নে কাজ করেছেন- জনাব মোঃ রবিউল ইসলাম (টীম লিডার), নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি; জনাব মাহমুদুল হাসান হাসিব, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি; জনাব হাসান মনির, উপ-বিভাগীয় প্রকৌশলী (আইএন্ডসি), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি।

৭. বর্জ্য ব্যবস্থাপনায় কম্পোস্ট সার (বিশেষ পুরস্কার)

আইডিয়াটি বাস্তবায়নে কাজ করেছেন- জনাব মোঃ আশরাফুজ্জামান, উপ-ব্যবস্থাপক (ইএইচএস), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি; জনাব সুলতান মাহমুদ, উপ-ব্যবস্থাপক (প্রশাসন), ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি।

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা ইনোভেশন প্রতিযোগিতায় বিশেষ পুরস্কার প্রাপ্ত টীমের টীম লিডার প্রকৌঃ মীর মাসুদ রানা এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা ইনোভেশন প্রতিযোগিতায় বিশেষ পুরস্কার প্রাপ্ত টীমের টীম লিডার প্রকৌঃ মোঃ রবিউল এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা ইনোভেশন প্রতিযোগিতায় বিশেষ পুরস্কার প্রাপ্ত টীমের টীম লিডার প্রকৌঃ মোঃ রবিউল এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা ইনোভেশন প্রতিযোগিতায় বিশেষ পুরস্কার প্রাপ্ত টীমের টীম লিডার মোঃ আশরাফুজ্জামান এর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন

পুরস্কারপ্রাপ্ত টিমমেম্বারদের প্রত্যেককে ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। এছাড়া, ১ম স্থান অধিকারী আইডিয়ার টিমমেম্বারদের প্রত্যেককে ২৫,০০০ হাজার টাকা; ২য় স্থান অধিকারী আইডিয়ার টিমমেম্বারদের প্রত্যেককে ২০,০০০ হাজার টাকা; ৩য় স্থান অধিকারী আইডিয়ার টিমমেম্বারদের প্রত্যেককে ১৫,০০০ হাজার টাকা এবং বিশেষ পুরস্কার প্রাপ্ত আইডিয়াগুলোর টিমমেম্বারদের প্রত্যেককে ১০,০০০ টাকা করে প্রদান করা হয়।

সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এর ইপিসি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প এর ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট, কন্সট্রাকশন ও কমিশনিং (ইপিসি) কাজের জন্য নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ ও সিএমসি, চায়না এর যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ-চায়না রিনিউয়েবল এনার্জি কোম্পানি এবং কনসোর্টিয়াম অব পেরিওশেন (এশিয়া প্যাসিফিক) ইন্টারন্যাশনাল কোং লিঃ এবং পাওয়ার চায়না ফুজিয়ান ইলেকট্রিক পাওয়ার ইঞ্জিনিয়ারিং কোং লিঃ এবং সিনোহাইড্রো কর্পোরেশন লিঃ, চায়না এর সাথে একটি ইপিসি চুক্তি গত ২৪ ফেব্রুয়ারী ২০২২ ইং তারিখে এনডব্লিউপিজিসিএল এর বোর্ডরুমে স্বাক্ষরিত হয়।

বিসিপিসিএল এর ৭ম বার্ষিক সাধারণ সভা উদযাপন

গত ১৪ মার্চ, ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) ও সিএমসি, চায়না এর যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ চায়না পাওয়ার কোম্পানি লিমিটেড (বিসিপিসিএল) এর ৭ম বার্ষিক সাধারণ সভা ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকমন্ডলী এবং ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কোম্পানির শেয়ারহোল্ডারগণ ও পরিচালকমন্ডলী কোম্পানির অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতেও উন্নতির ধারা অব্যাহত রাখতে কোম্পানি কর্তৃপক্ষকে অনুরোধ করেন। উল্লেখ্য, বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ কেন্দ্র পায়রা ১৩২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র বিসিপিসিএল এর তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর কর্পোরেট অফিসের শরীরচর্চা কেন্দ্র এর শুভ উদ্বোধন

সুস্থ শরীর মানুষের সবচেয়ে বড় সম্পদ। শরীর সুস্থ থাকলে মন ভাল থাকে এবং এর ফলে কর্মস্পৃহাও বৃদ্ধি পায়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কাজের পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের শরীর ও সুস্থতার ওপরও জোর দেয়। কোম্পানির কর্মকর্তা-কর্মচারীরা যাতে অফিস শেষে শরীরচর্চার মাধ্যমে নিজেদের সুস্থ ও কর্মক্ষম রাখতে পারে এ দৃষ্টিকোণ থেকে ‘সুস্থ দেহ সুস্থ মন, কর্মজীবন উন্নয়ন’ স্লোগানের ভিত্তিতে এনডব্লিউপিজিসিএল এর কর্পোরেট অফিসের আওতায় একটি শরীরচর্চা কেন্দ্র স্থাপন করা হয়েছে। গত ১৫ ফেব্রুয়ারী ২০২২ তারিখে এ শরীরচর্চা কেন্দ্রটি উদ্বোধন করা হয়।

কোম্পানির শরীরচর্চা কেন্দ্রের কিছু সরঞ্জাম-

‘মুজিব শতবর্ষে সুবর্ণ’-এর মোড়ক উন্মোচন

হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে নর্থওয়েস্ট- পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বিশেষ (এনডব্লিউপিজিসিএল) কর্মচারী ও তাদের পরিবারের -প্রকাশ করেছে। উক্ত প্রকাশনাটি কোম্পানির কর্মকর্তা ’মুজিব শতবর্ষে সুবর্ণ‘ প্রকাশনা তির পিতার আদর্শসদস্যদের লেখা দিয়ে সাজানো হয়েছে। এনডব্লিউপিজিসিএল কর্পোরেট সংস্কৃতিতে জাএবং মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমন্বয় করে আগামীর পথে অগ্রসর হতে বদ্ধপরিকর বলেই এ ভিন্নধর্মী উদ্যোগ গ্রহণ করেছে। মুজিব ‘ কর্মচারী এবং -প্রকাশনার মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি কোম্পানির কর্মকর্তা ’শতবর্ষে সুবর্ণ পরিজনের অক-রিবারতাদের পৃত্রিম ভালবাসা ও বিনম্র শ্রদ্ধার বহিঃপ্রকাশ ঘটেছে। গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় ’মুজিব শতবর্ষে সুবর্ণ‘-এর মোড়ক উন্মোচন করেন।

মসজিদের ওয়াশরুম ও ওজুখানা সংস্কারের জন্য চেক প্রদান

নর্থৎ কেন্দ্রের পার্শ্ববর্তী বঙ্গাবন্ধু সেতু পশ্চিম এর আওতাধীন সিরাজগঞ্জ বিদ্যু-ওয়েস্ট পাওয়ার জেয়ারেশন কোম্পানি লিঃ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-থানা সংলগ্ন জামে মসজিদের ওয়াশরুম ও ওজুখানা সংস্কার কাজে নর্থ এর-(এনডব্লিউপিজিসিএল)CSR কার্যক্রমের আওতায় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী জনাব মোঃ হারুন অর রশীদ বঙ্গাবন্ধু সেতু পশ্চিম থানা সংলগ্ন জামে মসজিদ কমিটির নিকট ০৯১ ইং তারিখে ২০২২/০৩/,৯০,১৬৫এক লক্ষ) -/ টাকার একটি চেক হস্তান্তর করেন। (নব্বই হাজার একশত পয়ষট্টি মাত্র

সিএসআর তহবিলের সহায়তায় লুৎফর রহমান মতিন মহিলা ডিগ্রি কলেজ, টাঙ্গাইল এর কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠা

লুৎফর রহমান মতিন মহিলা ডিগ্রি কলেজ, টাঙ্গাইল এর কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠাকল্পে গত ২৪ মার্চ ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও এর আওতাধীন বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি লিঃ এর সিএসআর কার্যক্রমের আওতায় ০৪ (চার)টি কম্পিউটার, পাঁচটি প্রিন্টার এবং প্রয়োজনীয় আসবাবপত্র প্রদান করা হয়। উল্লেখ্য উক্ত কলেজের কম্পিউটার ল্যাবের উদ্বোধনী অনুষ্ঠানে কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক জনাব আবু নাসের এবং কোম্পানির নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ মহোদয় উপস্থিত ছিলেন।

ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন

ঐতিহাসিক ৭ই মার্চ বাঙালির জেগে ওঠার দিন। এ দিন মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দিয়েছিলেন তার ঐতিহাসিক ভাষণ। এ দিনটিকে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ ও এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করে।

কর্পোরেট অফিসঃ

এনডব্লিউপিজিসিএল এর বিদ্যুৎ কেন্দ্রসমূহে ৭ই মার্চ উদযাপন

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রঃ



খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপিঃ



ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপিঃ

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রঃ

জাতির পিতার জন্মদিন ২০২২ উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করে।

কর্পোরেট অফিসঃ



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রঃ

খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপিঃ

ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপিঃ

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রঃ

মহান স্বাধীনতা দিবস ২০২২ উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করে।

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র

খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি

ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১) এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম

স্টিম টারবাইনের মেজর অভারহোলঃ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) স্টিম টারবাইনের মেজর অভারহোল কাজ OEM প্রতিষ্ঠান, Dongfang Electric International Corporation, China কর্তৃক সম্পন্ন হয়েছে। স্টিম টারবাইনের বর্ণিত মেজর অভারহোল সুসম্পন্ন হওয়ায় ইউনিটটি চলতি মাস (২৮ মার্চ-২০২২) থেকে পূর্ন ক্ষমতায় জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহের সক্ষমতা অর্জন করেছে। সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) স্টিম টারবাইনের Major Overhaul-এর সময়কার কিছু স্থিরচিত্র এতদ্সাথ সংযুক্ত করা হলোঃ

Steam Turbine Rotor Install করা হচ্ছে

Turbine Upper Cylinder Install করা হচ্ছে

Steam Turbine Rotor

Steam Turbine-এর Diaphragm মেরামত করা হচ্ছে

স্টিম টারবাইন জেনারেটরের মেজর অভারহোলঃ

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) স্টিম টারবাইন জেনারেটরের মেজর অভারহোল OEM প্রতিষ্ঠান, Dongfang Electric International Corporation, China-এর মাধ্যমে সম্পন্ন হয়েছে। উক্ত মেজর অভারহোলের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ

Generator rotor install করা হচ্ছে

Generator Stator inspection করা হচ্ছে

Generator Cooler install করা হচ্ছে

বিভিন্ন গুরুত্বপূর্ণ Pump ও Valve-সমূহের অভারহোলঃ

স্টিম টারবাইনের ও স্টিম টারবাইন জেনারেটরের পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্রের Feed water pump, Condensate Water Pump সহ অন্যান্য গুরুত্বপূর্ণ Pump ও Valve-সমূহের অভারহোল সম্পন্ন করা হয়েছে। বর্ণিত কাজের কিছু স্থিরচিত্র এতদ্সাথ সংযুক্ত করা হলোঃ

Boiler Feed Pump-এর অভারহোল করা হচ্ছে

Condensate Water Pump এর অভারহোল করা হচ্ছে

Control Valve install করা হচ্ছে

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-২) এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম

Cleaning Works

HRSG Blowdown Pit Pump মেইনটিন্যান্স

WTP Pump Maintenance

Gas booster Compressor Maintenance

GT Lube oil Filter Replacement

Rubber Ball valve Maintenance

খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি এর অপারেশন ও মেইন্টিন্যান্স

কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি এর অপারেশন ও মেইন্টিন্যান্স কার্যক্রম পরিদর্শন করছেন

RMS (Regulating and Metering Station) Commissioning

RMS Area

RMS Commissioning

Rerouting Pipe Connection to
Additional Heating Arrangement

Heater for increasing Loil Temperature
(For Pipeline & Loil Cooler Cleaning)

কাজের বিবরণ
১। 4.5 meter Switchgear রুম হতে নৈমিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম

কাজের বিবরণ
২। CCR হতে gas turbine এবং steam turbine এর data monitoring

কাজের বিবরণ
৩। GT ট্রান্সফরমারের নিয়মিত তথ্য সংগ্রহ কার্যক্রম এবং Checking

কাজের বিবরণ
৪। HPCV-1 হতে HPCV-2 ভালভে steam flow Transfer কার্যক্রম

কাজের বিবরণ
৫। Field হতে gas turbine এর data সংগ্রহ কার্যক্রম
কাজের বিবরণ
৬। Reheater attemperator control valve এর অবস্থান CCR এ অবহিতকরন

কাজের বিবরণ
৭। GT HP Purge air compressor হতে condensate drain কার্যক্রম

মেইনটিন্যান্স সংক্রান্ত কার্যাবলী

কাজের বিবরণ
২। GT লুব ওয়েল পাম্প মোটরের bearing পরিবর্তন

কাজের বিবরণ
৩। প্ল্যান্টের ট্রান্সফরমার সমূহের Bushing এর নৈমিত্তিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম

কাজের বিবরণ
৪। Pressure Transmitter এর calibration কার্যক্রম

কাজের বিবরণ
৫। Instrument Air Dryer সিস্টেমের সংরক্ষণ কার্যক্রম

কাজের বিবরণ
৬। GT flame detector সিস্টেমের healthiness checking তথা অন্যান্য নৈমিত্তিক সংরক্ষণ কার্যক্রম

মধুমতি ১০০ মেঃ ওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ পরিচালন ও মেইনটিন্যান্স কার্যক্রম

২০২২ সালের ফেব্রুয়ারি মাসের রেগুলার মেইনটিন্যান্স কাজের অংশ হিসেবে চিত্রে প্রদত্ত কার্যক্রম সম্পাদন করা হয়

স্লাজ পিট ক্লিনিং কাজ

ইঞ্জিনের ২৫০ ঘন্টার শিডিউল মেইনটেন্যান্স কাজ (ফুয়েল পাম্পে লুব্রিকেশন)

মধুমতি বিদ্যুৎ কেন্দ্রে পরিচালন কাজের চিত্র তুলে ধরা হলঃ

অয়েল মিস্ট ডিটেক্টরে এলার্ম আসছে সেজন্য রিসেট করা হচ্ছে

প্রতিদিনের শিডিউল ওয়ার্ক হিসেবে ইঞ্জিন ক্লিন করা হচ্ছে

বিদ্যুৎ কেন্দ্রসমূহে অগ্নি-নির্বাপণ মহড়া

কোম্পানির কেপিআই নিরাপত্তা পরিকল্পনার আওতায় বিদ্যুৎ কেন্দ্র সমূহের অগ্নিঝুঁকি হ্রাসকল্পে নিয়মিত অগ্নি-নির্বাপণী ব্যবস্থাসমূহের (ফায়ার এক্সটিংগুইশার, হোজ পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি) কার্যকারিতা যাচাই করতঃ প্রতিমাসে অগ্নি-নির্বাপণী মহড়ার আয়োজন করা হয়।

অগ্নি-নির্বাপণ মহড়ার স্থির চিত্র

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র

খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

রূপসা ৮০০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি

রূপসা ৮০০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের মূল বিদ্যুৎ কেন্দ্র প্যাকেজ (P1)-এর আওতায় ইপিসি ঠিকাদার কর্তৃক Service Pile এর কাজ শেষ হয়েছে। ইতোমধ্যে বিদ্যুৎ কেন্দ্রের মূল অংশের Foundation কাজ শেষ হয়েছে।বর্তমানে, Balance of Plant (BoP) Area তে Foundation কাজ চলমান রয়েছে।এছাড়াও, STG, GT এর Pedestal কাজ এবং HRSG এর Erection কাজ চলমান রয়েছে। প্রথম গ্যাস টারবাইনটি গত ০৩ মার্চ ২০২২ ইং তারিখে ইতালি হতে মংলা বন্দরে এসে পৌঁছেছে।

Transmission Line Infrastructure প্যাকেজ (P2)-এর Tower Material এর অধিকাংশ মালামাল প্রকল্প সাইটে পৌঁছেছে। ইতোমধ্যে ৫৮ টি টাওয়ারের Pile এর কাজ শেষ হয়েছে। বাকী (১৮) টি টাওয়ারের Piling Work চলমান রয়েছে। ৩০ টি টাওয়ারের Pile Cap এবং ১০ টি টাওয়ারের Erection কাজ শেষ হয়েছে।

Gas Supply Infrastructure প্যাকেজ (P3)-এর Commissioning শেষে গত ২৭/০৯/২০২০ ইং তারিখে ঠিকাদারের অনুকূলে Completion Certificate ইস্যু করা হয়েছে।

খুলনা নিউজপ্রিন্ট মিলস্ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য স্কুল ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে Japan Fund for Poverty Reduction (JFPR) অনুদানের আওতায় স্কুলের প্রয়োজনীয় উপকরণসমূহের ক্রয় কাজ চলমান রয়েছে।

Aerial View of Project Site

EASTERN PART OF PROJECT

HRSG#1 STRUCTURE INSTALLATION

SUBSTATION CONTROL BUILDING

PROJECT ENTRANCE AREA (WESTERN PART)

TOWER ERECTION WORK AT 18/0